



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা
www.fisheries.gov.bd



স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২৪.২৯.০০২.২৪.১১

তারিখ: ২৯ পৌষ ১৪৩০

১৩ জানুয়ারি ২০২৪

বিষয়: মৎস্য ও মৎস্যজাত পণ্যের নিরাপদতা ও মান নিশ্চিতকরণের নিমিত্ত খামার, স্থাপনা ও কারখানা নিয়মিত মনিটরিং প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, মৎস্য ও মৎস্যপণ্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) আইন, ২০২০ এর ধারা (৬) অনুযায়ী মৎস্য অধিদপ্তর উপযুক্ত কর্তৃপক্ষ হিসেবে নিরাপদ ও মানসম্মত মৎস্য উৎপাদন ও সরবরাহ নিশ্চিতকরণের জন্য অঙ্গীকারাবদ্ধ। এই পরিপ্রেক্ষিতে নিরাপদ মৎস্য ও মৎস্যপণ্যের উৎপাদন ও সরবরাহ নিশ্চিতকরণের নিমিত্ত 'Fish and Fishery Products Official Controls Protocol' এর নির্দেশনা মোতাবেক মৎস্য উৎপাদন হতে শুরু করে প্রক্রিয়াজাতকরণ ও বাজরজাতকরণ তথা রপ্তানি পর্যন্ত সকল পর্যায়ে সংশ্লিষ্ট খামার (আহরণ ভেসেলসহ), স্থাপনা ও কারখানা নিয়মিত মনিটরিং করা আবশ্যিক।

০২। উপরিলিখিত মাননিয়ন্ত্রণ কার্যক্রমের উদ্দেশ্য পূরণকল্পে নিম্নরূপ মনিটরিং সিডিউল নির্ধারণ করা হল:

খামার/স্থাপনা/কারখানার ধরণ	মনিটরিং ফ্রিকোয়েন্সি*	দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ
মৎস্য/চিংড়ি হ্যাচারি	প্রতি দুই মাসে একবার (Bi-monthly)	স্থানীয় উপযুক্ত কর্তৃপক্ষ
মৎস্য/চিংড়ি খামার	প্রতি দুই মাসে একবার (Bi-monthly)	স্থানীয় উপযুক্ত কর্তৃপক্ষ
মৎস্য আহরণকারী জলযান (Primary production vessel)	প্রতি দুই মাসে একবার (Bi-monthly)	সামুদ্রিক মৎস্য দপ্তর
মৎস্য অবতরণ কেন্দ্র (Landing)	প্রতি দুই মাসে একবার (Bi-monthly)	স্থানীয় উপযুক্ত কর্তৃপক্ষ
সাপ্লায়ার (Supplier)	প্রতি দুই মাসে একবার (Bi-monthly)	আঞ্চলিক উপযুক্ত কর্তৃপক্ষ
ডিপো/আড়ত/বরফ কল	প্রতি দুই মাসে একবার (Bi-monthly)	স্থানীয় উপযুক্ত কর্তৃপক্ষ / আঞ্চলিক উপযুক্ত কর্তৃপক্ষ
পরিবহন যান	প্রতি দুই মাসে একবার (Bi-monthly)	আঞ্চলিক উপযুক্ত কর্তৃপক্ষ
কোল্ড স্টোর	প্রতি দুই মাসে একবার (Bi-monthly)	আঞ্চলিক উপযুক্ত কর্তৃপক্ষ
প্যাকিং সেন্টার	মাসিক (Monthly)	আঞ্চলিক উপযুক্ত কর্তৃপক্ষ
প্রক্রিয়াজাতকরণ কারখানা (ভূমিতে অবস্থিত)	মাসিক (Monthly)	আঞ্চলিক উপযুক্ত কর্তৃপক্ষ
ফ্যাক্টরী ভেসেল (জলযানে অবস্থিত প্রক্রিয়াকরণ কারখানা)	মাসিক (Monthly)	আঞ্চলিক উপযুক্ত কর্তৃপক্ষ

*নোটঃ সংশ্লিষ্ট উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক কম্প্লায়েন্স মানের ওপর ভিত্তি করে নির্দিষ্ট ক্ষেত্রে ফ্রিকোয়েন্সি বাড়ানো/কমানো যেতে পারে।

এমতাবস্থায়, মৎস্য উৎপাদন, পরিবহন, মজুদ বা সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ, বাজারজাতকরণ ও রপ্তানি কার্যে নিয়োজিত খামার বা স্থাপনা বা কারখানাসমূহ 'Fish and Fishery Products Official Controls Protocol' এ বর্ণিত চেকলিস্ট অনুসারে পরিদর্শন/ মনিটরিং সম্পাদন করে প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় নিবারণমূলক ব্যবস্থা (corrective action) গ্রহণসহ সকল মনিটরিং তথ্যাদি আবশ্যিকভাবে উপস্থাপনযোগ্যভাবে সংরক্ষণের জন্য নির্দেশনা প্রদান করা হল।



১৩-১-২০২৪

সৈয়দ মোঃ আলমগীর

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: ০২-২২৩৩৮২৮৬১

ফ্যাক্স: ৯৫৬৮৩৯৩

ইমেইল: dg@fisheries.gov.bd

বিতরণ :

- ১) পরিচালক (সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ২) উপপরিচালক, মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/খুলনা।
- ৩) বিভাগীয় উপপরিচালক (সকল), মৎস্য অধিদপ্তর।
- ৪) জেলা মৎস্য কর্মকর্তা (সকল), মৎস্য অধিদপ্তর।
- ৫) সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), মৎস্য অধিদপ্তর।

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২৪.২৯.০০২.২৪.১১/১(৮)

তারিখ: ২৯ পৌষ ১৪৩০

১৩ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ/মৎস্য জরিপ ও পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ৩) পরিচালক (অভ্যন্তরীণ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ৪) উপপরিচালক (প্রশাসন/ মৎস্যচাষ/ অর্থ ও পরিকল্পনা/ চিংড়ি/ ফিল্ড সার্ভিস), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ৫) সিনিয়র সহকারী পরিচালক (সকল), মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ৬) উপপ্রধান (সামুদ্রিক), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ৭) সহকারী পরিচালক (সকল), মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ৮) অফিস কপি।



১৩-১-২০২৪

সৈয়দ মোঃ আলমগীর
মহাপরিচালক (চলতি দায়িত্ব)